

অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 12/26/2018

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো

গভর্নর কুওমো ঘোষণা করলেন যে নববর্ষের সময় স্টেট পুলিশ বেপরোয়া গাড়ি চালানোর বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নিবে

**ছুটির বাকি সময়টাতে অতিরিক্ত ট্রুপার রাস্তায় মাতাল এবং নেশাগ্রস্ত গাড়িচালক আছে কিনা তা দেখবে**

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ ঘোষণা করলেন যে বছরের শেষ সময়টাতে বেপরোয়া গাড়ি চালকদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নিতে নিউ ইয়র্ক স্টেট পুলিশ টহল বৃদ্ধি করবে। এই বলবৎকরণটি জাতীয় "সংযত অবস্থায় গাড়ি চালান বা জবাবদিহি করুন (Drive Sober or Get Pulled Over)" ক্যাম্পেইনের একটি অংশ, যা 1 জানুয়ারি, 2019 পর্যন্ত চলবে। গাড়িচালকেরা এই ক্যাম্পেইনের সময় মাতাল-কিনা পরীক্ষা করার চেকপয়েন্ট এবং রাস্তায় আরো বেশি ট্রুপার দেখবে।

"আমরা নববর্ষের কাছে চলে এসেছি, তাই স্টেট পুলিশ রাস্তাঘাট নিরাপদ রাখার জন্য বেপরোয়া গাড়িচালকদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়ার জন্য সকল শক্তি নিয়ে মাঠে নামবে", **গভর্নর কুওমো বলেছেন।** "আমরা গাড়িচালকদের অনুরোধ করতে চাই যে খুব সতর্ক থাকবেন এবং অর্থহীন দুর্ঘটনা এড়ানোর জন্য দায়িত্বশীল সিদ্ধান্ত গ্রহণ করবেন।"

নেশাগ্রস্ত অবস্থায় গাড়ি চালনা (Driving While Intoxicated, DWI) চেকপয়েন্ট ও টহল ছাড়াও, ট্রুপাররা অমনোযোগী গাড়িচালক, ঠিক মতো সিটবেল্ট না বাধা গাড়ির যাত্রী এবং গাড়িচালকেরা "মুভ ওভার আইন (Move Over Law)" লঙ্ঘন করছে কিনা, যা হল রাস্তার পাশে থেকে থাকা জরুরি যানবাহনের পাশ কাটিয়ে যাওয়ার সময় খুব সতর্ক থাকার আইন, এইসব ব্যাপারেও নজর রাখবে। এছাড়াও স্টেট পুলিশ পুরো স্টেটে যথাযথ বয়স হওয়ার আগেই কেউ অ্যালকোহল পান করছে কিনা সেই আইন প্রয়োগেও কাজ করবে।

**স্টেট পুলিশের সুপারিন্টেন্ডেন্ট জর্জ পি. বিচ II বলেন,** "স্টেট পুলিশ এটি নিশ্চিত করতে চায় যে সবার ছুটি নিরাপদ হোক। আপনি যদি নববর্ষের আগের রাত উদযাপন করেন, তাহলে তা দায়িত্বশীলভাবে একটি পরিকল্পনার সাথে করুন। একজন নির্ধারিত গাড়িচালক হয়ে, বা কাউকে বানিয়ে, বা বাড়ি ফেরার নিরাপদ পরিবহনের ব্যবস্থা করে, এই ছুটির মৌসুমে প্রাণ বাঁচাতে আমাদের সাহায্য করুন।"

**DMV কার্যনির্বাহী ডেপুটি কমিশনার এবং গভর্নর'স ট্রাফিক স্ফটি কমিটির (Governor's Traffic Safety Committee) ভারপ্রাপ্ত সভাপতি টেরি এগান বলেন,** "আমরা চাই সবাই যেন ছুটি উপভোগ করতে পারে এবং আপনাকে অনুরোধ করছি যে দায়িত্বশীল ভাবে উদযাপন করুন। বছরটি দুর্ঘটনা বা গ্রেফতার দিয়ে শেষ করবেন না। নিরাপদে বাড়ি পৌঁছানোর জন্য একটি পরিকল্পনা রাখুন। একজন গাড়িচালক নির্ধারিত করুন বা আমাদের "পরিকল্পনা রাখুন (Have a Plan)" মোবাইল অ্যাপটি বিনামূল্যে ডাউনলোড করুন যেটি আপনাকে আপনার এলাকার রাইড শেয়ার বা ট্যাক্সি সেবার সাথে যুক্ত করবে।"

ক্যাম্পেইনের সময়, টুপাররা স্টেট পুলিশের চিহ্নিত যান এবং পরিচয় লুকানো ট্র্যাফিক বলপ্রয়োগ (Concealed Identity Traffic Enforcement, CITE) যানবাহন উভয় ব্যবহার করবে। CITE যান দিয়ে টুপাররা আরো সহজেই গাড়ি চালানোর সময় ফোন বা এরকম ডিভাইস ব্যবহার করছে এমন চালকদের ধরতে পারে এবং অমনোযোগী গাড়ি চালানোর আইন লঙ্ঘন আরো ভালোভাবে পর্যবেক্ষণ করতে পারে। এই যানগুলি স্বাভাবিক ট্র্যাফিকের সাথে মিশে যেতে পারে, কিন্তু জরুরি আলো সক্রিয় করে দিলে এগুলিকে জরুরি যান হিসেবে সহজেই চেনা যায়।

গত বছরের "সংযত অবস্থায় গাড়ি চালান বা জবাবদিহি করুন" ক্যাম্পেইনে, স্টেট পুলিশ 40,489টি টিকেট প্রদান করেছে। সেই টিকেটগুলির মধ্যে 13,394টির বেশি ছিল অতিরিক্ত গতিতে গাড়ি চালানোর জন্য, 1,268টি অমনোযোগী গাড়ি চালানোর জন্য এবং 571টি "মুভ ওভার আইন" লঙ্ঘন করার জন্য। এছাড়া DWI এর জন্যও 645জন গ্রেফতার হয়েছে এবং সড়ক দুর্ঘটনায় 10 জন নিহত হয়েছে। 2017 সালের ক্যাম্পেইনটি 15 ডিসেম্বর শুক্রবার থেকে শুরু হয়ে সোমবার, 1 জানুয়ারি, 2018 পর্যন্ত চলেছে।

ট্র্যাফিক বলবৎকরণ এই ক্যাম্পেইনটির অর্থায়ন করেছে গভর্নরস ট্র্যাফিক সেফটি কমিটি।

ছুটির মৌসুমে আমাদের রাস্তাঘাট নিরাপদ রাখতে, নিউ ইয়র্ক স্টেট পুলিশ এবং জাতীয় হাইওয়ে ট্র্যাফিক নিরাপত্তা প্রশাসন (National Highway Traffic Safety Administration) এই টিপসগুলি দিয়েছে:

- উদযাপন শুরু করার আগেই বাড়ি ফেরার নিরাপদ উপায় পরিকল্পনা করুন;
- পান শুরু করার আগে, পান করবে না এমন একজন গাড়িচালক নির্ধারণ করুন;
- আপনি যদি মাতাল হন, ট্যাক্সি বা রাইডশেয়ারিং সেবা ব্যবহার করুন, আপনার মাতাল নয় এমন বন্ধু বা পরিবারের সদস্যকে ফোন করুন, বা গণপরিবহন ব্যবহার করুন;
- আপনার কমিউনিটির মাতাল-নয়-এমন রাইড প্রোগ্রাম ব্যবহার করুন;
- আপনি যদি রাস্তায় কোনো মাতাল গাড়িচালক দেখেন, তাহলে দ্বিধাহীনভাবে স্থানীয় আইন প্রয়োগকারী সংস্থার সাথে যোগাযোগ করুন; এবং
- আপনি যদি এমন কাউকে চেনেন যে মাতাল অবস্থায় গাড়ি চালাতে যাচ্ছে, তাদের চাবি নিয়ে নিন এবং অন্য কোনো ব্যবস্থায় যাতে তারা নিরাপদে গন্তব্যে পৌঁছাতে পারে তার জন্য তাদের সাহায্য করুন।

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন [www.governor.ny.gov](http://www.governor.ny.gov)  
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | [press.office@exec.ny.gov](mailto:press.office@exec.ny.gov) | 518.474.8418

[আনসারস্কাইব করুন](#)